



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৩.১৯-১২২

তারিখ: ০৮ মাঘ ১৪২৯
২২ জানুয়ারি ২০২৩

বিষয়: রাজশাহী জেলার চারঘাট পৌরসভায় শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: চারঘাট পৌরসভার স্মারক নং-২১৯; তারিখঃ ০৮/১২/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাজশাহী জেলার চারঘাট পৌরসভার অনুকূলে নিম্নোক্ত ১০ (দশ) টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্রমিক | পদের নাম | চাহিত পদের সংখ্যা |
|--------|---------------------|-------------------|
| ১. | উচ্চমান সহকারী | ০১ টি |
| ২. | টিকাদানকারী (মহিলা) | ০১ টি |
| ৩. | পাম্প চালক | ০৪ টি |
| ৪. | স্টোর কিপার | ০১ টি |
| ৫. | কার্য সহকারী | ০১ টি |
| ৬. | এম.এল.এস.এস | ০২ টি |
| | | মোট ১০ টি |

শর্তাবলি:

- পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর নিয়োগের বিধানসহ (পদ অনুযায়ী যথাযথ শিক্ষাগত সনদ এবং কারিগরী পদের যথাযথ যোগ্যতা নিশ্চিত করে) এতদসংক্রান্ত প্রচলিত বিধি-বিধান এবং পৌরসভাসমূহে ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের পৌর-১ শাখার ০৩/১০/২০১১ খ্রি: তারিখের ৪৬.০৬৩.০৩১.০৮.০০.০০২.২০১১-১১৭৫ নং স্মারকে আবশ্যিকভাবে অনুসরণীয় নীতিমালা অনুসরণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকৃত পদে কোন প্রকার দৈনিক হাজিরা ভিত্তিক নিয়োগ বা অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে না;
- একটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং স্থানীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করত: নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং
- ছাড়পত্র প্রদানের তারিখ হতে ০৬(ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

(ফারজানা মান্নান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র

চারঘাট পৌরসভা, রাজশাহী।

অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৪। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।